দৈনিক ইত্তেফাক

তারিখ 24 MAY 1992
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহী বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে

বগুড়া সংবাদদাতা ।। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৯১ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা ২৩শে মে শুরু হইয়াছে। জেলায় ৭টি

( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২৬৭১। ইহার মধ্যে ৫টি কেন্দ্রে ২৭৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে শাহ সুলতান কলেজ কেন্দ্র হইতে ৪ জন, সান্তাহার কলেজ কেন্দ্র হইতে ২৬ জন, শেরপুর কলেজ কেন্দ্র হইতে ৪ জন এবং সারিয়াকান্দি কলেজ কেন্দ্র হইতে ২ জনসহ মোট ৩৬ জন বহিষ্কৃত হইয়াছে।

খুলনা অফিস জানায়, ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে বাংলা বিষয়ে নকল করার অভিযোগে তেরখাদা কেন্দ্র হইতে ২ জন, ফুলতলা কেন্দ্র হইতে ১ জন এবং পাইকগাছা কেন্দ্র হইতে ১ জনকে বহিষ্কার করা হইয়াছে।

অন্যান্য স্থান হইতে আমাদের সংবাদদাতাগণ জানান: কুষ্টিয়া জেলার ৪টির মধ্যে ৩টি কেন্দ্রে অসদুপায় অবলম্বের অভিযোগে মোট ১৭ জনপরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। মিরপুর উপজেলার আমলা কলেজ কেন্দ্রে বহিষ্কৃত ৪ জন হল ত্যাগে অস্বীকার করে। পরে পুলিশের সহায়তায় তাহাদের বাহির করা হয়। এই সময় পরীক্ষা প্রায় ১৫ মিনিট স্থগিত থাকে।

রংপুর জেলার ১০টি কেন্দ্র হইতে ১০৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। পীরগাছা কলেজ কেন্দ্র হইতে সর্বাধিক ৬০ জনকে বহিষ্কার করা হয়। নওগাঁ সরকারী ডিগ্রী কলেজ কেন্দ্র হইতে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। চাঁপাইনবাবগঞ্জের চারিটি কেন্দ্র হইতে ১০১ জনকে বহিষ্কার করা হয়।